



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস, এসইডিপি
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
E-mail : pbgsepd2021@gmail.com



স্মারক নং-পিবিজিএসআই/এসইডিপি/মাঠপর্যায়ে যোগাযোগ/১৮/২০২১/৩৩৬

তারিখ : ২৭ আশ্বিন ১৪২৯বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২২ খ্রি.

বিষয় : “পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI)” শীর্ষক স্কিমের আওতায় “স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)” প্রদানের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন প্রসঙ্গে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (SEDP) এর আওতাধীন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নায়ী “পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই)” স্কিমের আওতায় উপজেলা শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার, উচ্চ মাধ্যমিক সমাপনী পুরস্কার, উপজেলা শ্রেষ্ঠ শিক্ষক পুরস্কার, ব্যবস্থাপনা পুরস্কার, স্কুল/মাদ্রাসা/কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান ও সচেতনতা প্রচারাভিযান অনুদান প্রদানের উদ্দেশ্যে পত্রের সাথে প্রেরিত অপারেশন ম্যানুয়াল অনুযায়ী পর্যায়ক্রমে কার্যক্রম গ্রহণ করা হবে।

০২। মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান ব্যবস্থাপনা শক্তিশালী করার লক্ষ্যে স্কিম ডকুমেন্টে “স্কুল/মাদ্রাসা/কলেজ জবাবদিহি অনুদান (SMAG/MMAG/GBAG)” প্রদানের সংস্থান রয়েছে। ২০২২-২৩ অর্থবছরে ৫০০০ প্রতিষ্ঠানে উক্ত অনুদান প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। SMAG/MMAG/GBAG এর জন্য যোগ্য প্রতিটি প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বর্ষের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা করে অনুদান পাবে। অনুদান প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত ধাপসমূহ অনুসরণপূর্বক কার্যক্রম সম্পাদনের জন্য মহাপরিচালক, মাউশি অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে অনুরোধ করা হলো।

০২.১। প্রতিষ্ঠান নির্বাচনের নির্দেশনা ও ধাপসমূহ পত্রের সাথে প্রেরিত PBGSI স্কিমের অপারেশন ম্যানুয়ালের অধ্যায় ৪-এর ৭.১.২, ৭.১.৩ এবং ৭.১.৪ অনুচ্ছেদে দেওয়া আছে।

০২.২। অপারেশন ম্যানুয়ালের অধ্যায় ৪-এর ছক ২.১ এ প্রদত্ত মানদণ্ড অনুযায়ী একটি স্কোর/পয়েন্ট বন্টনশিট প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)। মাধ্যমিক পর্যায়ের (ষষ্ঠ-দ্বাদশ) স্কুল, স্কুল এন্ড মাদ্রাসা এবং কলেজসমূহের আবেদনের প্রেক্ষিতে উক্ত মানদণ্ড অনুযায়ী প্রতিষ্ঠান নির্বাচন করা হবে।

০২.৩। প্রতিষ্ঠান নির্বাচনের জন্য অপারেশন ম্যানুয়ালের ৭.১.৪ এর ছক-২.৩ এ উপজেলা/থানা পর্যায়ে একটি অনুমোদিত কমিটি রয়েছে। উক্ত কমিটি সংশ্লিষ্ট উপজেলা/থানার মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠানসমূহে স্কিম থেকে সরবরাহকৃত মানবন্টনের কপিসহ নোটিশ প্রদান করে ২৭/১০/২০২২খ্রি. তারিখের মধ্যে আবেদন গ্রহণ করবে।

০২.৪। প্রতিষ্ঠানসমূহ নির্ধারিত তারিখের মধ্যে মানদণ্ড অনুযায়ী যোগ্যতার প্রয়োজনীয় ডকুমেন্টসহ কমিটির সভাপতি বরাবর আবেদন করবে।

০২.৫। প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদন এবং সংশ্লিষ্ট ডকুমেন্ট যাচাই করে কমিটি স্কোর প্রদান করবে এবং SMAG/MMAG/GBAG এর জন্য আবেদনকৃত প্রতিষ্ঠানের মধ্য থেকে স্কোরের উর্ধ্ব থেকে নিম্নক্রমে একটি তালিকা প্রস্তুত করবে।

০২.৬। যে সকল মানদণ্ডের ক্ষেত্রে কাগজপত্রের প্রমাণাদি প্রযোজ্য নয় সেক্ষেত্রে উপজেলা/থানা পর্যায়ের কমিটির নির্ধারিত কর্মকর্তা সরেজমিন পরিদর্শন করে সনদ দিবেন।

০২.৭। প্রতিষ্ঠান তালিকা, কমিটির সভার রেজুলেশন ও প্রতিষ্ঠানসমূহ থেকে প্রাপ্ত ডকুমেন্টের ১ সেট জেলা শিক্ষা কর্মকর্তার মাধ্যমে PBGSI স্কিমের স্কিম পরিচালক বরাবর ১০/১১/২০২২খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করতে হবে এবং ১ সেট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে সংরক্ষণ করতে হবে। স্কিম কর্তৃপক্ষ পয়েন্টেরভিত্তিতে নির্দিষ্ট সংখ্যক প্রতিষ্ঠান অনুদান প্রাপ্তির জন্য নির্বাচন করবে।

০২.৮। অর্থমন্ত্রণালয়ের ibas++ এর মাধ্যমে অনুদানের অর্থ প্রদানের উদ্দেশ্যে একটি Software প্রকিউরমেন্টের কাজ চলমান রয়েছে। Software প্রকিউর সম্পন্ন হলে স্কিম কার্যালয়ের নির্দেশনারভিত্তিতে উপজেলা/থানা কমিটির সুপারিশকৃত ও স্কিম কর্তৃক চূড়ান্তকৃত প্রতিষ্ঠানসমূহের প্রয়োজনীয় তথ্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস কর্তৃক Software এ এন্ট্রি করে DEO এর মাধ্যমে অনলাইনে সাবমিট করতে হবে।

০২.৯। নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত উপজেলা/থানা কমিটির স্কোর অনুযায়ী স্কিম কর্তৃক চূড়ান্ত নির্বাচিত প্রতিষ্ঠানসমূহকে ibas++ এর মাধ্যমে সরাসরি ব্যাংক একাউন্টে অনুদানের অর্থ প্রদান করা হবে। অনুদান তহবিলের ব্যবহার ম্যানুয়ালের ৭.১.৬ এর বিস্তারিত উল্লেখ রয়েছে।

০২.১০। অনুদান গ্রহণের পর প্রতিষ্ঠানের প্রকৃত চাহিদা বিবেচনা করে স্কিম অপারেশন ম্যানুয়াল অনুযায়ী ব্যয় শিরোনামের বিপরীতে SMC/MMC/GB অর্থ বরাদ্দ করবে এবং সে অনুযায়ী তহবিল ব্যবহার করে ব্যয় ভাউচারের কপিসহ প্রতিষ্ঠান প্রধান USEO/TSEO এর মাধ্যমে স্কিম বরাবর রিপোর্ট প্রেরণ করবেন।

০৩। উল্লিখিত কার্যক্রম সম্পাদনের প্রয়োজনে স্কিমের প্রোগ্রাম অফিসার-১ ও ২ এর নম্বরে (০১৭০৬৮০৬১৬০ এবং ০১৭৩৩০৪২৯৬৬) যোগাযোগ করা যেতে পারে।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার

উপজেলা/থানা : হাইদারাবাদ

জেলা : হাইদারাবাদ

Field Letter 2021 DD. 53- s

(প্রফেসর চিত্ত রঞ্জন দেবনাথ)

স্কিম পরিচালক

ফোন: ০২-২২৬৬৩৭৩০০